



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 December 2025**

**7:35 AM IST**

=====

রাজ্যে চলতি বছরের উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় ৮০ শতাংশ বা ততোধিক নম্বর লাভ করা ছাত্র-ছাত্রীদের আজ ডক্টর বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার প্রকল্পের অধীনে স্কুটি বিতরণ করা হবে। এই পুরস্কার লাভ করা ১১ হাজার ২শো ৫০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৬ হাজার ৮শো ৬০ জন ছাত্রী এবং ৪ হাজার ৩শো ৯০ জন ছাত্র রয়েছে। গৌহাটি পাঞ্জাবারী শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উপস্থিত থাকবেন। উল্লেখ্য মুখ্যমন্ত্রীর নিযুক্ত মইনা প্রকল্পের সুবিধা লাভ করা ছাত্র-ছাত্রীদের এই পুরস্কার প্রদান করা হবে না।

মধুরাঘাটে সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হলে বৃহত্তর দুধপাতিল সহ পার্শ্ববর্তী বিভিন্ন অঞ্চলের সঙ্গে শিলচর শহরের আন্তঃজেলা যাতায়াত ব্যবস্থা আরো সুচল হয়ে উঠবে। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল শিলচর গান্ধীঘাটে বরাক নদীর উপর বহু প্রত্যাশিত মধুরাঘাট সেতুর শিলান্যাস করে একথা বলেন। মুখ্যমন্ত্রী জানান যে মধুরাঘাট সেতু নির্মাণের জন্য

৮০ কোটি টাকা ধার্য করা হয়েছে এবং আগামী ২ বছরের মধ্যে এই সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হবে। কাছাড় জেলায় বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে শিলঘাট সেতুর কাজ ইতিমধ্যেই ৫০ শতাংশ সম্পন্ন হয়েছে এবং করাতিগ্রাম সেতু নির্মাণের কাজ খুব শীঘ্রই সম্পূর্ণ হবে।

---

জনসাধারণের সহযোগিতা থাকলে ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পর্যন্ত উড়াল সেতুনির্মাণের কাজ আগামী জানুয়ারী মাস থেকে আরম্ভ করা হবে বলেও মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানিয়েছেন।

এর পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা উদ্বোধন ডি এন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক সভায় ১৫ হাজার ৩শো ১ জন আত্ম-নির্ভর গোষ্ঠীর মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানে অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন।

---

গ্রাম পঞ্চায়েত ব্যবস্থায় আর চলবে না ক্ষমতার আড়ালে থেকে অপ্রাতিষ্ঠানিক প্রতিনিধিত্ব। এমনই স্পষ্ট বার্তা দিলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস। গতকাল আলগাপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে আয়োজিত পর্যালোচনা বৈঠকে অংশ নিয়ে মন্ত্রী শ্রীদাস জানান যে মহিলা পঞ্চায়েত প্রতিনিধিদের স্বামীদের দীর্ঘ দিনের প্রতিনিধি কালচার এখন থেকে সম্পূর্ণ রূপে নিষিদ্ধ।

মন্ত্রী শ্রীদাস জানান -কোন মহিলা পঞ্চায়েত প্রতিনিধির স্বামী বা ভাই গ্রাম পঞ্চায়েত কার্যালয় ও জেলা পরিষদের কার্যালয়ে প্রবেশ করার চেষ্টা করলে, তাদের যেন বের করে দেওয়া হয়। এরপর জেলা পরিষদ সভানেত্রী

ফাতেমা বেগম চৌধুরীর স্বামী মান্না খানকে মন্ত্রী শ্রী দাস গতকাল বৈঠক থেকে বের করে দেন ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস তিন দিনের বরাক উপত্যকা সফর শেষ করে আজ গুয়াহাটী ফিরে যাবেন ।

এদিকে মন্ত্রী শ্রীদাস গতকাল হাইলাকান্দি জেলার গ্রাম উন্নয়ন প্রকল্পগুলি সরজোমিনে পরিদর্শন করে জেলা প্রশাসনের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে জানানো হয় যে জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনার ৮২ হাজার ঘর নির্মানের কাজ চলছে । এছাড়া আগামী ৯ই ডিসেম্বর জেলায় আরো ২২ হাজার দুশটি আবাস যোজনার ঘর নির্মানের জন্য অনুমোদন জানানো হবে ।

---

পরে মন্ত্রী আলগাপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয় পরিদর্শন করে বিভাগীয় আধিকারীক ও পঞ্চায়েত প্রতিনিধিদের সঙ্গে অনুরূপ এক বৈঠকে মিলিত হয়েছেন ।

বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রীদাস জানান যে জানুয়ারী মাসের প্রথম দিকে মুখ্যমন্ত্রী আরো তিন লক্ষ ঘর গৃহহীন পরিবারকে প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর প্রদান করবেন । মন্ত্রী শ্রীদাস আরো জানান-

## বাইট

পরে মন্ত্রী শ্রীদাস কাটলিছড়া খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয় পরিদর্শন করে অনুরূপ একটি পর্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন ।

---

শ্রীভূমি শহরের ঐতিহ্যবাহী রমনীমোহন ইনষ্টিটিউটের সংস্কার কাজ শুরু হয়েছে । মূখ্যমন্ত্রীর আনটাইড ফান্ড থেকে বরাদ্দ করা অর্থ দিয়ে রমনীমোহন ইনষ্টিটিউটের সংস্কার কাজ শুরু হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এই কাজের তদারকি করবেন । উল্লেখ্য ১৯৫১ সালে গড়ে উঠা রমনীমোহন ইনষ্টিটিউটে সে সময় তৎকালিন করিমগঞ্জ শহরে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের একমাত্র কেন্দ্রস্থল ছিল ।

---